

স্মারক নং-৫৮.০২.৮৪০০.১২৪.১৯.০০৪.১৯.৯৩

বিষয়: মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৬ উদযাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতা আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৬ উদযাপন” উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা কার্যালয় কর্তৃক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। আপনার অধিনস্ত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীদেরকে উক্ত রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের বিষয়ে সদয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ক্রম	গুণ	শ্রেণি	২০২৬ সালের জন্য বিষয়বস্তু
১.	‘ক’	৬ষ্ঠ, ৭ম, ৮ম বা সমমান (সর্বোচ্চ ১০০০ শব্দ)	সুনাগরিক গঠনে পরিবার ও বিদ্যালয়ের ভূমিকা
২.	‘খ’	৯ম, ১০ম বা সমমান (সর্বোচ্চ ১৫০০ শব্দ)	তরুণদের স্বপ্ন ও মাদকমুক্ত আগামী বাংলাদেশ
৩.	‘গ’	একাদশ, দ্বাদশ, স্নাতক বা সমমান (সর্বোচ্চ ২০০০ শব্দ)	মাদকমুক্ত সমাজ হোক উন্নত বাংলাদেশ বিনির্মাণের ভিত্তি

০২। রচনা প্রতিযোগিতার নিয়মাবলী:

(ক) রাঙ্গামাটি পার্বত্য জেলার সকল নিম্ন মাধ্যমিক ও সমমান, মাধ্যমিক ও সমমান, উচ্চ মাধ্যমিক ও সমমান, স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীগণ রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে;

(খ) রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে। কোন ক্রমেই ফটোকপি গ্রহণযোগ্য হবে না;

(গ) রচনার প্রথম পাতায় প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণি ও রোল নম্বর উল্লেখ করতে হবে;

(ঘ) খামের উপর “রচনা প্রতিযোগিতা: মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৬ উদযাপন” লিখতে হবে; এবং

(ঙ) রচনা আগামী ১০ মে ২০২৬ তারিখ অফিস সময়ের মধ্যে সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা কার্যালয়, ২৬৩০ বিজ্ঞান সরণী রোড, উত্তর কালিন্দীপুর, রাঙ্গামাটি পার্বত্য জেলা ঠিকানায় ডাকযোগে অথবা সরাসরি পৌছাতে হবে। উল্লেখ্য, নির্ধারিত তারিখের পরে আর কোনো রচনা জমা নেয়া হবে না।

পুরস্কার: রচনা প্রতিযোগিতায় গুণভিত্তিক প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীদের পুরস্কার বিতরণী অনুষ্ঠানের স্থান, তারিখ ও সময় পরবর্তীতে অত্র জেলা কার্যালয়ের ওয়েবসাইটে (www.dnc.rangamati.gov.bd) প্রকাশ করা হবে।


(মোঃ বুলু শেখ)
২৬/০৪/২০২৬

সহকারী পরিচালক (ভা.)

অতিরিক্ত দায়িত্ব

মোবাইল নম্বর- ০১৮২৪-৯৭১৪৫৩

০১৮৩৭-৪৪৮৯০৫

অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২৩/০৪/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি


সংযুক্ত পত্রের মর্মদুযায়ী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাঙ্গামাটি কর্তৃক আয়োজিত রচনা প্রতিযোগিতায় প্রতিযোগীকে সাদা কাগজে স্বহস্তে লিখিত রচনা (রচনার প্রথম পাতায় প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, গ্রুপের নাম, শ্রেণি, বিভাগ, রোল নম্বর, শিক্ষাবর্ষ, মোবাইল নম্বর ও প্রতিষ্ঠানের নাম উল্লেখসহ) আগামী ১০/০৫/২০২৬ তারিখের মধ্যে সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা কার্যালয়, ২৬৩০ বিজ্ঞান সরণী রোড, উত্তর কালিন্দীপুর, রাঙ্গামাটি পার্বত্য জেলা ঠিকানায় জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল।

‘গ’ গ্রুপ : উচ্চ মাধ্যমিক/স্নাতক/স্নাতকোত্তর (২,০০০ শব্দ)

বিষয় : ‘মাদকমুক্ত সমাজ হোক উন্নত বাংলাদেশ বিনির্মাণের ভিত্তি’


অধ্যক্ষ
২৬/০৪/২৬

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


২৬/০৪/২৬